# রাহে বেলায়াত

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - দৈনন্দিন যিকর ওযীফা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

তৃতীয় প্রকার যিকর : সকাল-বিকাল বা সকাল-সন্ধ্যার যিকর - (৩) যিকর নং ১০২ : আয়াতুল কুরসী- ১ বার

উবাই ইবনু কা'ব (রাঃ) বর্ণিত হাদীসে বর্ণিত হয়েছে, যে ব্যক্তি সকালে আয়াতুল কুরসী পাঠ করবে সে সন্ধ্যা পর্যন্ত জ্বিন থেকে হেফাযতে থাকবে এবং যে ব্যক্তি সন্ধ্যায় তা পাঠ করবে সে সকাল পর্যন্ত জ্বিন থেকে হেফাযতে থাকবে। হাদীসটি সহীহ।[1]আমরা দেখেছি দ্বিতীয় প্রকারের যিকরের মধ্যে আয়াতুল কুরসী রয়েছে। কাজেই, পৃথকভাবে তা পড়ার প্রয়োজন নেই। ফজরের সালাতের পরে একবার পাঠ করলেই যাকির সকালে পাঠের ফযীলত ও সালাতের পরে পাঠের ফযীলত, উভয় প্রকার ফযীলত লাভ করবেন ইনশা আল্লাহ।

## ফুটনোট

[1] তাবারানী, আল-মু'জামুল কাবীর ১/২০১, মুসতাদরাক হাকিম ১/৭৪৯, মাজমাউয যাওয়াইদ ১০/১১৭, সহীহুত তারগীব ১/৩৪৫।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8819

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন